ভোরের কাগজ

MAR. 05 2002

# ছাত্রলীগের ডাকে সারাদেশে ছাত্র ধর্মঘট পালিত

**জনপদ ডেস্ক :** বাংলাদেশ ছাত্রলীগ জাতীয় কার্যকরী সংসদের ১০ জন কেন্দ্রীয় নেতাকে গ্রেপ্তারের প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ আহূত দেশব্যাপী ছাত্র ধর্মঘটের অংশ হিসেবে অন্যান্য স্থানের মতো ফরিদপুর ও সুনামগঞ্জে গত রোববার ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।

ফরিদপুর প্রতিনিধি জানান, ছাত্র ধর্মঘটকালে ফরিদপুর জেলা ছাত্রলীগ শহরে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে ফরিদপুর প্রেসক্লাব চত্বরে জেলা ছাত্রলীগ সভাপতি মনিরুজ্জামান মনিরের সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন দেবাশীষ সরকার বাবু, মোঃ আশিক সিদ্দিকী, সত্যজিৎ মুখার্জী, মোস্ত াসির আবিদ টাবু, জামাল হোসেন মিয়া, আফজাল হোসেন শিপলু প্রমুখ।

সুনামগঞ্জ প্রতিনিধি জানান, সুনামগঞ্জে ধর্মঘট চলাকালে সুনামগঞ্জ সরকারি কলেজে ছাত্রলীগ বিক্ষোভ মিছিল করে। ধর্মঘট শেষে সন্ধ্যায় ছাত্রলীগের একটি বিক্ষোভ মিছিল শহর প্রদক্ষিণ করে আলফাত স্কোয়ারে প্রতিবাদ সভায় মিলিত হয়। সভায় বক্তৃতা করেন- আওয়ামী লীগ নেতা সাবেক সাংসদ দেওয়ান শামছুল আবেদীন, এডভোকেট আপ্তাব উদ্দিন, নূরুল হুদা মুকুট, এডভোকেট রইছ উদ্দিন আহমদ, মতিউর রহমান পীর, জেলা ছাত্রলীগ সভাপতি তনুজকান্তি দে, সম্পাদক নূরে আলম সিদ্দিকী উজ্জ্বল, সাংগঠনিক সম্পাদক জুবের আহমদ অপু, ছাত্রলীগ নেতা সাদী,শওকত আলী প্রমুখ